গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বার্ষিক প্রতিবেদন
২০১৩-১৪

জনপ্রশাসন মন্ত্রণালয়
www.mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বার্ষিক প্রতিবেদন
২০১৩-১৪

জনপ্রশাসন মন্ত্রণালয়
www.mopa.gov.bd

প্রকাশকাল:
এপ্রিল, ২০১৫

প্রকাশক:
জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নির্দেশনায়:

ড. কামাল আবদুল নাসের চৌধুরী,
সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।

সম্পাদনায়:

কাজী রওশন আক্তার,
অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ।

সহযোগিতায়:

১. এ বি এম আমিন উল্লাহ নুরী, উপসচিব, প্রশাসন-১(২) অধিশাখা।
২. নাসরীন জাহান, উপসচিব, প্রশাসন-২(৪) অধিশাখা।
৩. এ এফ এম হায়াতুল্লাহ, উপসচিব, সিপি অধিশাখা।
৪. সেবাষ্টিন রেমা, উপসচিব, প্রশাসন-৩ শাখা

কম্পিউটার কম্পোজ: মোহাম্মদ সাখাওয়াত হোসেন।

মুদ্রণ : বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বি.জি. প্রেস), তেজগাঁও, ঢাকা।

স্বত্ব : জনপ্রশাসন মন্ত্রণালয়।

বাণী

ইসমাত আরা সাদেক, এম.পি.
প্রতিমন্ত্রী
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০১৩-১৪ অর্থবছরের কার্যক্রমের উপর বার্ষিক প্রতিবেদন প্রকাশ হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। জনপ্রশাসন মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর-সংস্থার গত বছরের সার্বিক কার্যক্রম এবং ২০১৪-১৫ অর্থবছরের কর্মপরিকল্পনা সম্পর্কে একটি স্বচ্ছ ধারণা পেতে এটি সহায়ক ভূমিকা পালন করবে বলে আমি আশা করি।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বপ্নের সমৃদ্ধ এবং ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সমাজ বিনির্মাণে দক্ষ গতিশীল ও জবাবদিহিমূলক জনপ্রশাসনের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। জাতির পিতার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী, জননেত্রী শেখ হাসিনা জাতির পিতার স্বপ্ন বাস্তবায়নের জন্য রূপকল্প ২০২১ টার্গেট নির্ধারণ করে সকলকে নিয়ে কাজ করে যাচ্ছেন। এ লক্ষ্য বাস্তবায়নের জন্য জনপ্রশাসনে গুণগত পরিবর্তনের ধারা অব্যাহত রেখে সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদের পেশাগত দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি এবং মানবসম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনায় জনপ্রশাসন মন্ত্রণালয় সদা সচেষ্ট।

২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে উন্নীত করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সুচিন্তিত কর্মপরিকল্পনা এবং নির্দেশনা অনুযায়ী জনপ্রশাসনকে নিরপেক্ষ, দুর্নীতিমুক্ত, প্রফেশনাল ও আরও গতিশীল করা আমাদের লক্ষ্য। এ জন্য সেবামুখী জনপ্রশাসন গড়ে তোলার লক্ষ্যে ইতোমধ্যে নানাবিধ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

সচিবালয় থেকে মাঠ পর্যায় পর্যন্ত জনবলের সঠিক আকার নির্ধারণ, পদায়ন, পদোন্নতি এবং শৃঙ্খলা নিশ্চিতকরণে এ মন্ত্রণালয় বিশেষ ভূমিকা পালন করছে। ডিজিটাল বাংলাদেশ গঠনের মাধ্যমে জনগণের দোরগোড়ায় দ্রুত সেবা পৌঁছাতে জনমুখী প্রশাসন গড়ে জনগণের ক্ষমতায়নকে ত্বরান্বিত করতে জনপ্রশাসন মন্ত্রণালয় একনিষ্ঠভাবে কাজ করে যাচ্ছে।

২০১৩-১৪ অর্থবছরে সম্পাদিত কার্যক্রম সম্বলিত প্রতিবেদনের মাধ্যমে জনগণ এ মন্ত্রণালয়ের গত ১ বছরের সম্পাদিত কাজ সম্পর্কে অবহিত হওয়ার সুযোগ পাবে। এর ফলে জনপ্রশাসনে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে বলে আমার বিশ্বাস। এ প্রতিবেদন প্রকাশ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

ইসমাত আরা সাদেক, এম.পি.
প্রতিমন্ত্রী

মুখবন্ধ

ড. কামাল আবদুল নাসের চৌধুরী
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়

স্বচ্ছ, জবাবদিহিমূলক, গণতান্ত্রিক মূল্যবোধ ও তথ্য প্রযুক্তি সমন্বিত সরকারি সেবা ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে দক্ষ মানব সম্পদ গড়ে তোলার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় কাজ করে আসছে। রুলস অব বিজনেস অনুযায়ী এ মন্ত্রণালয়ের কার্যাবলি, প্রতিবছরের সম্পাদিত কার্যক্রম, ভবিষ্যৎ কর্মপরিকল্পনা এবং কর্মরত কর্মকর্তাদের তথ্য জনগণকে জানানোর নিমিত্ত তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬ ধারা অনুযায়ী স্বপ্রণোদিত তথ্য প্রকাশের অংশ হিসেবে নিয়মিতভাবে বছর শেষে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়ে থাকে। তার পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং এর অধীন দপ্তর-সংস্থাসমূহের ২০১৩-১৪ অর্থবছরের সম্পাদিত কার্যাবলি, ২০১৪-১৫ অর্থবছরের কর্মপরিকল্পনা সকলকে অবহিত করার জন্য এ প্রতিবেদনটি প্রকাশ করা হলো। প্রতিবেদন থেকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত একবছরে সম্পাদিত কার্যাবলি এবং এর লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে কতটুকু সমর্থ হয়েছে সে সম্পর্কে ধারণা পাওয়া যাবে।

রাষ্ট্রের দায়িত্ব ও কর্তব্য পালন এবং জনগণের যথাযথ সেবা নিশ্চিত করার লক্ষ্যে প্রজাতন্ত্রের কর্ম সম্পাদনের জন্য মন্ত্রণালয়-বিভাগ এবং দপ্তরসমূহের সাংগঠনিক কাঠামোর রূপরেখা অনুমোদন, পদ সৃজন, কর্মকর্তা-কর্মচারী নিয়োগ, ব্যবস্থাপনা, কল্যাণ, তাদের প্রশিক্ষণ ও পদোন্নতি প্রদান এবং এ সংক্রান্ত আইন ও বিধিমালা প্রণয়ন বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় কাজ করে থাকে। প্রতিবেদনে এ সকল বিষয়ে পূর্ববর্তী বছরের কর্মপরিকল্পনার ভিত্তিতে সম্পাদিত কাজের বিবরণ তুলে ধরা হয়েছে।

এ প্রতিবেদন থেকে জনপ্রশাসন মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর-সংস্থাসমূহের সাংগঠনিক কাঠামো, জনবল, কর্মবণ্টন এবং ২০১৩-১৪ অর্থবছরে সম্পাদিত কাজ এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা সম্পর্কে জানা যাবে। প্রতিবেদনে উল্লিখিত বিষয়সমূহ সম্পর্কে কোন মতামত অথবা পরামর্শ থাকলে তা জানানোর জন্য অনুরোধ করছি। আপনাদের মতামতসমূহ মন্ত্রণালয়ে কর্মরত সকলের জন্য যথাযথভাবে দায়িত্ব পালনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

ড. কামাল আবদুল নাসের চৌধুরী
সিনিয়র সচিব।

উপক্রমণিকা

কাজী রওশন আক্তার
অতিরিক্ত সচিব (প্রশাসন)
জনপ্রশাসন মন্ত্রণালয়

প্রতি বছরের ধারাবাহিকতায় বার্ষিক প্রতিবেদন ২০১৩-১৪ প্রকাশিত হলো। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬ ধারা এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধিমালা, ২০১০ এর প্রবিধান ৩(১) এর তফসিলে বর্ণিত দিকনির্দেশনা অনুযায়ী স্বপ্রণোদিত তথ্য প্রকাশের অংশ হিসেবে এ বছর জনপ্রশাসন মন্ত্রণালয়ের কার্যাবলি, এ বছরে সম্পাদিত কার্যক্রম, বাস্তবায়িত উন্নয়নমূলক প্রকল্পসমূহের বিবরণ, ২০১৪-১৫ অর্থবছরের কর্মপরিকল্পনা, বাজেট বরাদ্দ এবং কর্মরত কর্মকর্তাদের তথ্য সন্নিবেশিত করে প্রতিবেদনটি প্রকাশ করা হয়েছে।

প্রজাতন্ত্রের কর্মসম্পাদনে নিয়োজিত সর্বস্তরের জনবলের সমন্বয়কারী মন্ত্রণালয় হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয় দায়িত্ব পালন করে থাকে। এ মন্ত্রণালয় বিভিন্ন মন্ত্রণালয়-বিভাগের চাহিদার পরিপ্রেক্ষিতে জনবল কাঠামো অনুমোদন, শূন্য পদে জনবল নিয়োগ, পদোন্নতি প্রদান, রাজস্বখাতে পদ সৃজন, পদ স্থায়ীকরণ, অস্থায়ী পদ সংরক্ষণ, আত্তীকরণ এবং প্রয়োজনে বিভিন্ন পদের মান উন্নীতকরণসহ ইত্যাদি গুরুত্বপূর্ণ কার্যাদি সম্পন্ন করছে।

২০২১ সালের মধ্যে দেশকে একটি মধ্যম আয়ের দেশে উন্নীত করার লক্ষ্যে জনপ্রশাসনকে দক্ষ, জনমুখী, জবাবদিহিমূলক ও দুর্নীতিমুক্ত করে গড়ে তুলতে জনপ্রশাসন মন্ত্রণালয় সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করে কাজ করে যাচ্ছে। জনগণকে কাঙ্ক্ষিত সেবা প্রদানের লক্ষ্যে ই-গভর্নেন্স কার্যক্রম সম্প্রসারণ এবং কর্মকর্তা- কর্মচারীদের যথাযথ কর্ম সম্পাদনে স্বীকৃতি প্রদানের জন্য 'জনপ্রশাসন পদক' প্রবর্তন করা হয়েছে। তা ছাড়া জনপ্রশাসনে সংস্কার আনয়নের লক্ষ্যে সরকারি কর্মচারীদের ব্যবস্থাপনার বিষয়টি আইনী কাঠামোতে আনার অংশ হিসেবে সরকারি কর্মচারী আইন প্রণয়ন, কর্মকৃতিভিত্তিক মূল্যায়ন পদ্ধতি চালু, সকল ক্যাডার কর্মকর্তাদের ডাটাবেজ প্রস্তুত, পদোন্নতি নীতিমালা সংশোধন ও যুগোপযোগীকরণ,পদায়ন-বদলি নীতিমালা প্রণয়ন এবং মাঠ প্রশাসনের কাঠামো সংস্কারের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ে ৫২৮ জন কর্মকর্তা-কর্মচারী সমন্বয়ে ০৮ টি অনুবিভাগ (Wing), ২৬টি অধিশাখা ও ৭৩টি শাখা/ইউনিট/কোষ রয়েছে। তা ছাড়া বাংলাদেশ সচিবালয় কেন্দ্রীয় গ্রন্থাগার ও লোক-প্রশাসন কম্পিউটার কেন্দ্র এ মন্ত্রণালয়ের অধীন। পাশাপাশি মন্ত্রণালয়ের অধীন দপ্তর- সংস্থা হিসেবে বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) একাডেমি, বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট ফাউন্ডেশন (বিয়াম), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সরকারি যানবাহন অধিদপ্তর, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর এবং সরকারি কর্মচারী হাসপাতাল কর্মকর্তা- কর্মচারীদের প্রশিক্ষণ, যানবাহন সুবিধা প্রদান এবং সার্বিক কল্যাণে কাজ করে যাচ্ছে।

২০১৩-১৪ অর্থ বছরের উল্লেখযোগ্য কর্মসমূহের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় বাংলাদেশ সিভিল সার্ভিসভুক্ত সকল ক্যাডারের প্রবেশ পদে নিয়োগসহ প্রশাসন ক্যাডারের সকল কর্মকর্তা এবং উপসচিব থেকে সচিব পর্যন্ত কর্মকর্তাদের পদায়ন, বদলি, প্রশিক্ষণ, বৈদেশিক নিয়োগ, ছুটি, পদোন্নতি-প্রেষণে নিয়োগ প্রদান এবং নিয়োগ-পদোন্নতি বিষয়ক নীতি/বিধি নির্ধারণের মত গুরুত্বপূর্ণ কাজ সম্পাদন করেছে। প্রতিবেদনাধীন অর্থবছরে ৩২তম (বিশেষ) বি.সি.এস. পরীক্ষার মাধ্যমে ১৬৩৫ জন এবং ৩৩তম বি.সি.এস. পরীক্ষার মাধ্যমে বিভিন্ন ক্যাডারে মোট ৮,১০৫ জন কর্মকর্তাকে নিয়োগ প্রদান করা হয়েছে। এছাড়াও বিভিন্ন দপ্তর/সংস্থার জন্য ১,৪৭,৭৬৩ পদ সৃজন, ৩৪,৫২১ পদ সংরক্ষণ এবং ১,৮৪৭টি যানবাহন টি.ও.এন্ড-ই ভুক্ত করা হয়েছে। প্রতিবেদনে দপ্তর- সংস্থাসমূহের কার্যক্রমেরও বিবরণ প্রদান করা হয়েছে।

প্রতিবেদনটি তথ্যবহুল করতে মাননীয় প্রতিমন্ত্রী, সিনিয়র সচিব মহোদয়, সকল অনুবিভাগ প্রধান, জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর-সংস্থা প্রধান প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেছেন। মূল্যবান পরামর্শ ও দিক নির্দেশনার জন্য আমি তাঁদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। প্রতিবেদনটিকে তথ্যসমৃদ্ধ ও ত্রুটিমুক্ত করতে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণের আন্তরিক প্রয়াস ছিল। এজন্য আমি তাদেরকেও আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

পরিশেষে, ভবিষ্যতে ত্রুটিমুক্ত স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে এ প্রতিবেদনে প্রকাশিত যেকোন বিষয়ে মতামত-পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করছি ।

(কাজী রওশন আক্তার)

অতিরিক্ত সচিব (প্রশাসন)

সূচিপত্র

ক্রমিক নং		বিষয়	পৃষ্ঠা
১.০		**জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিচিতি**	**১**
২.০		**জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামো ও বিন্যাস**	৩
৩.০		**জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রধান কার্যাবলি**	৫
৪.০		**জনপ্রশাসন মন্ত্রণালয়ের কর্মবণ্টনের সংক্ষিপ্ত বিবরণ**	**৮**
	৪.১	প্রশাসন অনুবিভাগ	৮
	৪.২	নিয়োগ, পদোন্নতি ও প্রেষণ (এ.পি.ডি.) অনুবিভাগ	৯
	৪.৩	সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ	**৯**
	৪.৪	ক্যারিয়ার প্লানিং ও ট্রেনিং (সি.পি.টি.) অনুবিভাগ	**১০**
	৪.৫	বিধি অনুবিভাগ	**১০**
	৪.৬	সংস্কার, গবেষণা ও আইন অনুবিভাগ	**১০**
	৪.৭	শৃঙ্খলা ও আইন অনুবিভাগ	**১১**
	৪.৮	উন্নয়ন, বাস্তবায়ন ও বার্ষিক অনুবেদন (সি.আর.) অনুবিভাগ	**১২**
৫.০		**২০১৩-১৪ অর্থবছরে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি**	**১৩**
৬.০		**২০১৪-১৫ অর্থবছরের সম্ভাব্য কর্মপরিকল্পনা**	**৩৭**
৭.০		**জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থার সংক্ষিপ্ত কার্যক্রম**	**৪৫**
	৭.১	বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বি.পি.এ.টি.সি.)	৪৫
	৭.২	বি.সি.এস. প্রশাসন একাডেমি	৪৭
	৭.৩	বাংলাদেশ ইন্স্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন	৪৮
	৭.৪	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড	৪৯
	৭.৫	সরকারি যানবাহন অধিদপ্তর	৫৩
	৭.৬	মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর	৫৬
	৭.৭	সরকারি কর্মচারী হাসপাতাল	৬৮
৮.০		**মাঠ প্রশাসন**	**৬৯**
৯.০		**জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০১৩-১৪ অর্থবছরের বাজেট**	**৭৩**
১০.০		**তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রদান করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় এবং এর অধীন দপ্তরসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নাম ও ঠিকানা**	**৭৫**
১১.০		**জনপ্রশাসন মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তাদের নাম, দাপ্তরিক, আবাসিক টেলিফোন, মোবাইল নম্বর এবং ই-মেইল ঠিকানা**	**৮৫**

১—